



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাতে

যে বান্দা অনিষ্ট করে সে নির্বোধ

আস-সালামু আলাইকুম ওয়া রাহমাতুল্লাহি ওয়া বারাকাতুহু।
আউয়ু বিল্লাহি মিন আশ-শাইতানির রাজিম। বিসমিল্লাহির রাহমানির রাহিম।
আস-সালাতু ওয়া আস-সালামু'আলা রাসুলিনা মুহাম্মাদিন সায়্যিদীল আউয়ালিনা ওয়াল আখিরীন।
মাদাদ ইয়া রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া সাদাতি আসহাবী রাসুল আল্লাহ্, মাদাদ ইয়া মাশাইখিনা,
শেইখ আব্দুল্লাহ দাগিস্তানী, শেইখ মুহাম্মাদ নাযিম আল-হাক্কানী, দাস্তুর।
তারিকাতুনা সোহবাহ, ওয়াল খাইরু ফি জামিয়াহ।

আমাদের পবিত্র নাবী (সাঃ) বলেন, "যখন আল্লাহ্ তা'আলা কাউকে দিয়ে কোন কিছু করানোর ইচ্ছা করেন, তিনি সেই ব্যক্তির বুদ্ধি সরিয়ে নেন"। লোকটি তখন কিছু করে এবং অতঃপর আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) তার বুদ্ধি ফিরিয়ে দেন। তখন সেই লোকটি দাঁড়িয়ে ভাবে, "সুবহানআল্লাহ! আমি কি করেছি? আমি কেন এরকম করেছি?" আল্লাহ্ (আযযা ওয়া জাল্লা) কারও বুদ্ধি সরিয়ে নিবেন না যদি তাকে দিয়ে ভালো কিছু বা স্বাভাবিক কিছু করানোর হয়।

যে ব্যক্তি অনিষ্ট করে নিশ্চিতভাবে নির্বোধ। সে বুদ্ধির বাইরে কিছু একটা করেছে। একটি ত্রুটি মানে একটি ভুল। একটি ভুল মানে এমন কাজ যা বুদ্ধিতে পড়ে না, নির্বুদ্ধিতা। ভালো কাজসমূহ ত্রুটি নয়। একটি ত্রুটি বা ভুল হচ্ছে খারাপ কাজসমূহ। অতএব, আমাদের কিছু করার আগে চিন্তা করতে হবে, আল্লাহ্র উপর নির্ভর করতে হবে এবং আল্লাহ্র কাছে সাহায্য চাইতে হবে। আমাদের আল্লাহ্র আশ্রয় খুঁজতে হবে এই বলে, "আমি এই কাজটি করতে যাচ্ছি কিন্তু যদি এটা ভুল হয় তাহলে তিনি যেন আমার পথ বদলে দেন।" যদি সেরকম লোক পাওয়া যায় যারা সেই ব্যাপারটিতে বিশেষজ্ঞ, তাহলে ওই ব্যক্তির উচিত তাদের সাথে পরামর্শ করা কাজ শুরু করার আগে।

তোমাদের আল্লাহ্র উপর নির্ভর করতে হবে, তোমাদের মাথা ব্যবহার করতে হবে এবং পরামর্শ নিতে হবে। আরেকটি হাদীসে আমাদের পবিত্র নাবী (সাঃ) এক বেদুঈনকে বলেনঃ

اعْقَلْ وَتَوَكَّلْ

"ই'কাল ওয়া তাওয়াক্কাল"। সাহাবাটি ভেবেছিল, "আমি আল্লাহ্র উপর নির্ভর করি", এবং সে তার উটকে ছেড়ে দিয়েছিল আর তার উট দৌড়ে পালিয়েছিল। "ই'কাল" মানে তাকে বাঁধো এবং তোমার মাথা ব্যবহার কর, তারপর আল্লাহ্র উপর নির্ভর কর। তাই তোমাদেরকে কারণ তদন্ত করতে হবে এবং সেই অনুযায়ী কাজ করতে হবে।



হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল আল-হাক্কানী এর সোহবাত

বেশীরভাগ কিছু করে পড়ে অনুতাপ করে এই বলে, “আমি কিভাবে এমন কাজ করলাম?” অতএব তারা ভুল করেছে। আল্লাহ্ যেন আমাদের ভুল থেকে দূরে রাখেন ইনশাআল্লাহ। ভুল এই পৃথিবীতেই ঘটে। লোকেরা অন্য লোকদের বোকা বানায়। সেই ক্ষেত্রে তোমাকে গবেষণা করতে হবে, লম্বা সময় কঠিনভাবে চিন্তা করতে হবে এবং তারপর কাজ করতে হবে যদি সেই কাজ বুদ্ধির সাথে মেলে। নতুবা, লাফ দিয়ে কোন কিছু করা ভালো নয় কেননা তা তোমার করতে ইচ্ছা করছে। তোমার হাতে যা আছে তা তুমি হারাতে পারো এবং আফসোসে করতে পারো।

আল্লাহ্ যেন আমাদের ভুল থেকে বহুদূরে রাখেন এবং আমরা যেন সবসময় সঠিক বোধে থাকি ইনশাআল্লাহ। পার্থিব কাজে ভুল করা খারাপ, কিন্তু আরও খারাপ আখিরাতের জন্য তা আরও খারাপ। যদি তুমি আখিরাতের ব্যাপারে, বিশেষ করে তুমি যদি অন্যের অধিকারে হস্তক্ষেপ কর, সেসময় তোমার অবস্থা একেবারেই খারাপ। তুমি যদি কোন ভুল কর তাহলে আল্লাহ্ সেই গুনাহ ক্ষমা করে দেন যদি তুমি তাওবা কর, কিন্তু কক্ষণে অন্যের অধিকারে হস্তক্ষেপ কোরো না! আমাদের সবসময়েই এই ব্যাপারে সাবধান থাকতে হবে। আমরা যদি প্রতিদিন এই বিষয় নিয়ে কথা বলি তাও যথেষ্ট নয়। অন্যের অধিকার খুবই গুরুত্বপূর্ণ। সে ব্যাপারে মনোযোগ দাও।

ওয়া মিনাল্লাহ আত-তাওফিক। আল-ফাতিহা।

হাযরাত শেইখ মুহাম্মাদ মেহমেত আদিল
১৮ জানুয়ারী ২০১৭/২০ রাবিউল আখির ১৪৩৮
ফাজার নামায, আকবাবা দারগাহ।